গুলশানের কিংফিশার রেস্টুরেন্টে অভিযান, জব্দ বিপুল অ্যালকোহল



ছবি: সংগৃহীত

রাজধানীর গুলশানের কিংফিশার রেস্টুরেন্টে অভিযান চালিয়ে বৈধ কাগজপত্র না থাকা বিপুল পরিমাণ অ্যালকোহল ও অ্যালকোহলজাতীয় পানীয় জব্দ করেছে জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) চারটি গোয়েন্দা সংস্থার যৌথ দল।

রোববার (২৫ অক্টোবর) রাত সাড়ে ১২টার দিকে শুরু হওয়া অভিযান চলে প্রায় তিন ঘণ্টা। শুল্ক-ভ্যাট ফাঁকি ও অর্থপাচার প্রতিরোধের অংশ হিসেবে পরিচালিত এ অভিযানে সহযোগিতা করে স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন (এসআরবি-১)।

এনবিআর সূত্র জানায়, অবৈধ উৎস থেকে উচ্চ শুল্কের অ্যালকোহলজাতীয় পণ্য সংগ্রহ করে শুল্ক ও ভ্যাট পরিশোধ ছাড়াই বিক্রির তথ্যের ভিত্তিতে রেস্টুরেন্টটিতে অভিযান চালানো হয়।

এনবিআরের নির্দেশনায় কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তরের (সিআইআইডি) তত্ত্বাবধানে অভিযানে অংশ নেয় সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি), সিআইআইডি, আয়কর গোয়েন্দা ও তদন্ত ইউনিট (টিআইআইইউ) এবং মূল্য সংযোজন কর নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর (ভিএআইআইডি)। কাস্টমস আইন-২০২৩, ভ্যাট ও সম্পূরক শুল্ক আইন-২০১২ এবং আয়কর আইন-২০২৩-এর আওতায় অভিযানটি পরিচালিত হয়।

জব্দ করা পণ্যের পূর্ণাঙ্গ তালিকা, সম্ভাব্য রাজস্ব ফাঁকির পরিমাণ ও পরবর্তী আইনি পদক্ষেপের বিষয়ে পরে সংবাদ সম্মেলনে বিস্তারিত জানানো হবে বলে জানিয়েছে এনবিআর।